দৈনিক সংবাদ

তারিখ 04 SEP 1993
পৃষ্ঠা ২ কলাম ২

৭৯

# সরকারী কলেজ শিক্ষকদের অবিরাম কর্মবিরতির কর্মসূচী

(নিজস্ব বার্তা পরিবেশক)

সারাদেশের সরকারী কলেজের শিক্ষকরা আগামী ১৬ই নভেম্বর থেকে অবিরাম কর্মবিরতি শুরু করবেন।

গতকাল শুক্রবার বিকেলে টিচার্স ট্রেনিং কলেজে অনুষ্ঠিত এক শিক্ষক সমাবেশে

সরকারী কলেজ ঃ পৃঃ ৮ কঃ ৪

## সরকারী কলেজ ঃ কর্মবিরতি

( ১ম পৃষ্ঠার পর )

এই কর্মসূচীর কথা ঘোষণা করা হয়। এতে সভাপতিত্ব করেন প্রফেসর মিএগ লুৎফার রহমান। সারাদেশের সরকারী কলেজের শিক্ষকরা সমাবেশে যোগ দেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি কর্তৃক সরকারের কাছে পেশাকৃত ১৬ দফা বাস্তবায়িত না হবার কারণে অবিরাম কর্মবিরতির ডাক দেয়া হয়েছে। ১৬ দফার মধ্যে রয়েছে পদোন্নতি, নতুন পদ সৃষ্টি প্রভৃতি।

গতকালের সভায় সরকারী কলেজের শিক্ষকদের ১৬ দফা মেনে নেয়ার জন্য আগামী ১০ই নভেম্বর পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়েছে। সভায় প্রকৃচি ও বিসিএস সমন্বয় পরিষদের সকল আন্দোলন ও কর্মসূচীর প্রতিও একাত্মতা ঘোষণা ও তা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সমাবেশে বক্তৃতা করেন আবু ইউসুফ, এনায়েত হোসেন মিয়া, অধ্যক্ষ এ, বি, এম জনাব আলী, ডঃ আর, জে শামসুল আলম, কুদরত-ই-খুদা, আবদুস সামাদ, এ,টি,এম সালেহ জহর, নুরুল আলম, শহীদুল্লাহ, নুরুল ইসলাম, মুসাররফ হোসেন, রুহুল আমিন, নূর মোহাম্মদ প্রমুখ।